

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ (ক) মহান স্রষ্টা বিষয়ক জাল হাদীস [স্রষ্টা, সৃষ্টি ও পূর্ববর্তী নবীগণ] রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. যে নিজেকে চিনল সে আল্লাহকে চিনল

আমাদের সমাজে ধার্মিক মানুষদের মাঝে অতি প্রচলিত একটি বাক্য:

مَنْ عَرَفَ نَفْسَهُ فَقَدْ عَرَفَ رَبَّهُ

"যে নিজেকে জানল সে তার প্রভুকে (আল্লাহকে) জানল।" অথবা "যে নিজেকে চিনল সে তার প্রভুকে চিনল"। অনেক আলিম তাদের বইয়ে এ বাক্যটিকে রাসূলুল্লাহ ্ষুদ্ভি-এর কথা বা হাদীস বলে সনদবিহীন ভাবে উল্লেখ করেছেন। কিন্তু মুহাদ্দিসগণ একবাক্যে বলছেন যে, এ বাক্যটি রাসূলুল্লাহ ষ্টুভ্ভি-এর কথা নয়, কোনো সনদেই তাঁর থেকে বর্ণিত হয়নি। কোনো মুহাদ্দিস উল্লেখ করেছেন যে, বাক্যটি তয় হিজরী শতকের একজন সৃফী ওয়ায়েয ইয়াহইয়া ইবন মুয়ায আল-রাযী (২৫৮ হি:)-র নিজের বাক্য। তিনি ওয়াজ নসিহতের সময় কথাটি বলতেন, তার নিজের কথা হিসাবে, হাদীস হিসাবে নয়। পরবর্তীতে অসতর্কতা বশত কোনো কোনো আলিম বাক্যটিকে হাদীস বলে উল্লেখ করেছেন।

ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসেদ, পৃ. ৪১৬; যারকানী, মুখতাসারুল মাকাসিদ, পৃ. ১৮৬ পৃ; মোল্লা আলী কারী, আল-আসরার, ২৩৮ পৃ; আল- মাসনুয়, ১৫৫ পৃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4754

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন